

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-১৭৩
আগরতলা, ১৮ এপ্রিল, ২০২১

রাজ্যে কোভিড পরিস্থিতি নিয়ন্ত্রণে উচ্চ পর্যায়ের বৈঠক

রাজ্যে কোভিড পরিস্থিতি নিয়ন্ত্রণে আজ এক উচ্চ পর্যায়ের বৈঠক স্টেট গেস্ট হাউসের কনফারেন্স হলে অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন স্বাস্থ্য দপ্তরের প্রধান সচিব জে কে সিনহা। সভায় রাজ্যে কোভিডজনিত পরিস্থিতি মোকাবিলায় ও টিকাকরণের ক্ষেত্রে স্বাস্থ্য দপ্তরের প্রস্তুতি সম্পর্কে বিস্তৃতভাবে পর্যালোচনা করেন স্বাস্থ্য দপ্তরের প্রধান সচিব। তিনি আগরতলা গভর্নমেন্ট মেডিকেল কলেজ অ্যান্ড জিবিপি হাসপাতালে কোভিড আক্রান্তদের চিকিৎসার যাবতীয় ব্যবস্থা ও ভবিষ্যৎ পরিকল্পনা সম্পর্কে বিস্তারিত খোঁজ খবর নেন এবং প্রয়োজনীয় নির্দেশ দেন। প্রতিটি জেলায় কোভিড আক্রান্তদের সুচিকিৎসার বিষয়টি সুনিশ্চিত করতে, পর্যাপ্ত পরিমাণে মাস্ক, অক্সিজেন সিলিন্ডার এবং ভেন্টিলেটরের যে ব্যবস্থা রয়েছে, তাতে আপেক্ষিক পরিস্থিতিতেও যাতে কোনও সঙ্কট দেখা না দেয় সেই বিষয়ে একাধিক উদ্যোগ গ্রহণের পরামর্শ দেন তিনি। পাশাপাশি ভবিষ্যতে কোভিডজনিত পরিস্থিতিতে চিকিৎসক, নার্স ও প্যারামেডিক্যাল স্টাফের কোনওরকম সঙ্কট যাতে না থাকে তা নিশ্চিত করতে নির্দেশ দেন তিনি। সারা রাজ্যে কোভিড মোকাবিলায় স্ব স্ব ক্ষেত্রে দায়িত্ব সহকারে ইতিবাচক মানসিকতা নিয়ে সর্বস্তরের কর্মীরা কাজ করবেন বলেও স্বাস্থ্য দপ্তরের প্রধান সচিব আশা ব্যক্ত করেন।

সভায় নগর উন্নয়ন ও বিদ্যুৎ দপ্তরের সচিব কিরণ গিত্তে, পশ্চিম জেলার জেলাশাসক ডাঃ শৈলেশ কুমার যাদব, অর্থ দপ্তরের যুগ্ম সচিব ডাঃ বিশাল কুমার, স্বাস্থ্য দপ্তরের যুগ্ম সচিব শুভাশিস দাস, যুগ্ম সচিব সুভাষ চন্দ্র সাহা ও যুগ্ম সচিব ডঃ সমিত রায় চৌধুরী, স্বাস্থ্য অধিকর্তা ডাঃ শুভাশিস দেববর্মা, পরিবার কল্যাণ ও রোগ প্রতিরোধক অধিকারের অধিকর্তা ডাঃ রাধা দেববর্মা, স্বাস্থ্য শিক্ষা অধিকর্তা ডাঃ চিন্ময় বিশ্বাস, জাতীয় স্বাস্থ্য মিশন অধিকর্তা ডাঃ সিদ্ধার্থ শিব জয়সবাল, জিবিপি হাসপাতালের মেডিক্যাল সুপারিনটেনডেন্ট ডাঃ সঞ্জীব দেববর্মা, আই জি এম হাসপাতালের মেডিক্যাল সুপারিনটেনডেন্ট ডাঃ অমিতাভ চক্রবর্তী, স্টেট নোডাল অফিসার, আইডিএসপি ডাঃ দীপ কুমার দেববর্মা সহ প্রশাসন ও আরক্ষা দপ্তরের উচ্চপদস্থ আধিকারিকগণ উপস্থিত ছিলেন। স্বাস্থ্য দপ্তর থেকে এক প্রেস রিলিজে এই সংবাদ জানানো হয়েছে।
